তথ্য ও গণসংযোগ বিভাগ
INFORMATION AND PUBLIC RELATIONS DIVISION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

**প্রেস রিলিজ**

তারিখ: ১৪ জুলাই ২০২৬

# বাউবিতে জনসচেতনতামূলক ডকুমেন্টারি প্রদর্শনী: পরিবেশ সংরক্ষণ ও রবীন্দ্রচর্চায় নতুন বার্তা

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) দেশের শিক্ষা, সংস্কৃতি ও জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আনুষ্ঠানিক শিক্ষা প্রোগ্রামের পাশাপাশি ধারাবাহিকভাবে অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম পরিচালনা করে আসছে। এরই ধারাবাহিকতায় বিভিন্ন স্কুলের উদ্যোগে পরিচালিত ১৯টি অনানুষ্ঠানিক প্রোগ্রামের অংশ হিসেবে আজ (১৪ জুলাই ২০২৬) বিকেল ৩:০০টায় বিশ্ববিদ্যালয়ের মিডিয়া বিভাগের প্রিভিউ থিয়েটারে তিনটি গুরুত্বপূর্ণ জনসচেতনতামূলক ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। প্রদর্শিত ডকুমেন্টারির মধ্যে ছিল - শান্তানু হালদার প্রযোজিত পরিবেশ সচেতনতার উপর ভিত্তি করে প্রামাণ্যচিত্র - "বুড়িগঙ্গা" ,  আব্দুল কাইয়ুম ভূঁইয়া প্রযোজিত বাংলাদেশের পরিবেশ সচেতনতার উপর ভিত্তি করে প্রামাণ্যচিত্র অনুষ্ঠান- "আমাদের পরিবেশ ও আগামীর অঙ্গীকার"  এবং মোঃ লাহুল মিয়া প্রযোজিত রবীন্দ্রনাথ ঠাকুরের জীবন ও কর্মের উপর ভিত্তি করে তথ্যবহুল প্রামাণ্যচিত্র - "অরুণ আলোর আহবান"।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। ডকুমেন্টারিগুলো উপভোগ শেষে উপাচার্য গভীর সন্তোষ প্রকাশ করেন এবং এ ধরণের জনকল্যাণমূলক উদ্যোগকে সময়োপযোগী ও অত্যন্ত প্রশংসনীয় বলে অভিহিত করেন।

উপাচার্য তাঁর বক্তব্যে বলেন, "বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম মূলত তাদের জন্য, যারা বিভিন্ন কারণে প্রচলিত আনুষ্ঠানিক শিক্ষা ব্যবস্থায় অংশগ্রহণ করে সার্টিফিকেট, ডিপ্লোমা বা উচ্চতর ডিগ্রি অর্জনের সুযোগ পান না। তাই জনসচেতনতা বৃদ্ধি, জীবনমান উন্নয়ন ও সমাজকল্যাণে অবদান রাখতে বাউবির এ ধরণের কার্যক্রম আরও সম্প্রসারণ করা প্রয়োজন।তিনি বলেন, বর্তমান সময়ের চাহিদা বিবেচনায় পরিবেশ সংরক্ষণ, স্বাস্থ্য, দক্ষতা উন্নয়ন, সামাজিক সচেতনতা এবং ঝরে পড়া জনগোষ্ঠীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের জন্য নতুন নতুন বিষয়ভিত্তিক অনানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম তৈরি করে বাংলাদেশ বেতার ও বিভিন্ন টেলিভিশন চ্যানেলের মাধ্যমে প্রচার করা প্রয়োজন। এর মাধ্যমে দেশের সর্বস্তরের মানুষ উপকৃত হবে এবং জনকল্যাণে বাউবির ভূমিকা আরও শক্তিশালী হবে।উপাচার্য বলেন, জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত সংকট বর্তমান বিশ্বের অন্যতম বড় চ্যালেঞ্জ। বাংলাদেশ একটি জলবায়ু ঝুঁকিপূর্ণ দেশ হওয়ায় প্রতিনিয়ত নানা প্রাকৃতিক দুর্যোগের মুখোমুখি হচ্ছে। বুড়িগঙ্গা নদীকে কেন্দ্র করে নির্মিত ডকুমেন্টারিতে ঢাকা নগরীর সঙ্গে এই নদীর ঐতিহাসিক সম্পর্ক, বর্তমান সংকট এবং মানুষের পরিবেশবিরোধী কর্মকাণ্ডের চিত্র তুলে ধরা হয়েছে। পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রভাব নিয়ে নির্মিত ডকুমেন্টারি পরিবেশ সংরক্ষণের গুরুত্বকে সামনে এনেছে।তিনি আরও বলেন, সীমিত সুযোগ-সুবিধার মধ্যেও এসব ডকুমেন্টারি নির্মাণে সংশ্লিষ্ট সবার আন্তরিক প্রচেষ্টা, সমন্বয় ও টিমওয়ার্ক প্রশংসনীয়। তিনি মিডিয়া বিভাগের কর্মকর্তা-কর্মচারীসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ জানিয়ে বলেন, এ ধরণের উদ্যোগের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের সক্ষমতা, শিক্ষা, গবেষণা ও জনসম্পৃক্ত কার্যক্রম দেশের মানুষের কাছে তুলে ধরতে হবে।উপাচার্য জানান, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নিজস্ব একটি মিডিয়া প্ল্যাটফর্ম তৈরির পরিকল্পনা রয়েছে। এর মাধ্যমে শিক্ষা, গবেষণা, পরিবেশ, কৃষি ও দেশের উন্নয়নমূলক বিভিন্ন বিষয় নিয়ে মানসম্মত প্রযোজনা তৈরি ও প্রচারের উদ্যোগ নেওয়া হবে। তিনি বাউবির সম্ভাবনাকে কাজে লাগিয়ে আরও সৃজনশীল ও কার্যকর উদ্যোগ গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন।

প্রামাণ্যচিত্র অনুষ্ঠানগুলো নির্মাণে সার্বিক ব্যবস্থাপনা ও তত্ত্বাবোধানে ছিলেন  মিডিয়া বিভাগের পরিচালক জনাব শরীফ মোঃ শাহাবুদ্দীন।

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জীবন ও কর্মভিত্তিক নির্মিত প্রামাণ্যচিত্রের একটি বিশেষ পর্বে মাননীয় উপাচার্যের সহধর্মিণী ড. আলো আরজুমান বানু রবীন্দ্রনাথ ঠাকুরের কালজয়ী কবিতা ‘নির্ঝরের স্বপ্নভঙ্গ’ অত্যন্ত সাবলীল,

আবেগঘন ও শৈল্পিক ভঙ্গিতে আবৃত্তি করেন। তাঁর মনোমুগ্ধকর পরিবেশনা উপস্থিত দর্শকদের গভীরভাবে মুগ্ধ করে এবং প্রিভিউ থিয়েটারে উপস্থিত সকলের ভূয়সী প্রশংসা অর্জন করে।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্কুলের ডিন, বিভাগীয় প্রধান, পরিচালকবৃন্দ, মিডিয়া বিভাগের প্রোগ্রাম কলাকুশলী এবং সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

জ্ঞান, সচেতনতা ও সামাজিক দায়বদ্ধতা—এই তিনের সমন্বয়ে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় এগিয়ে চলেছে একটি আলোকিত ও সচেতন সমাজ গঠনের প্রত্যয়ে।

মোঃ খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)